

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০০২

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرِّقَائِقِ)

পরিচ্ছেদঃ যখন বায়ু প্রবাহিত হয়, তখন তার অনিষ্টতা থেকে আশ্রয় চাওয়ার নির্দেশ

ذَكَرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ أَنْ يَتَعَوَّذَ بِاللَّهِ جَلَّ وَعَلَا مِنْ شَرِّ الرِّيحِ إِذَا هَبَّتْ

আরবী

1002 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سَفْيَانَ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ طَلْحَةَ الْيَرْبُوعِيُّ قَالَ: حَدَّثَنَا شَرِيكٌ عَنْ الْمِقْدَامِ بْنِ شَرِيحٍ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا رَأَى فِي السَّمَاءِ غُبَاراً أَوْ رِيحاً تَعَوَّذَ بِاللَّهِ مِنْ شَرِّهِ فَإِذَا أَمْطَرَتْ قَالَ: (اللَّهُمَّ صَيِّباً نَافِعاً)

الراوي : عَائِشَةُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1002 | خلاصة حكم المحدث: صحيح - ((المشكاة))
(1521/التحقيق الثاني)؛ إلا قوله: ((غباراً))؛ فإنه منكر - ((الصحيحة)) (2757).

বাংলা

১০০২. আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন আকাশে ধূলা অথবা বাতাস দেখতেন, তখন তিনি আল্লাহর কাছে তার অনিষ্টতা থেকে আশ্রয় চাইতেন। অতঃপর যখন বৃষ্টি হতো, তখন বলতেন, **اللَّهُمَّ صَيِّباً نَافِعاً** (হে আল্লাহ, উপকারী বৃষ্টি বর্ষন করুন)। [1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/২২২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে “ধূলা” অংশ ব্যতীত বাকী অংশ সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩১৮৩।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=90315>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন